গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ পরিচালকের কার্যালয়
কৃত্রিম প্রজনন ও ঘাস উৎপাদন,সাভার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক,ফার্মগেট,ঢাকা-১২১৫।
www.dls.gov.bd

স্মারক নংঃ-৩৩.০১.০০০০.৬০০.২২.০০৬.১৭-১০৫৫(১৯/৩)

তারিখঃ ১৩/০৭/২০২০ খ্রিঃ।

বিষয়ঃ গত ২৪-০৬-২০২১ ইং তারিখে অনুষ্ঠিত **National Technical Regulatory Committee (NTRC)** সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে National Technical Regulatory Committee (NTRC) সভা প্রাণিসম্পদ অধিদপ্তরের সম্মেলন কক্ষে কমিটির আহবায়ক জনাব শাহ্ মোঃ ইমদাদুল হক, অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ-২), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সভাপতিত্বে গত ২৪-০৬-২০২১ইং তারিখ অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

১৩/০৭/২০২১

(ডাঃ ভবতোষ কান্তি সরকার)
পরিচালক
কৃত্রিম প্রজনন দপ্তর,প্রাণিসম্পদ অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
ও
সদস্য সচিব, NTRC কমিটি

জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। পরিচালক, প্রশাসন/ সম্প্রসারণ, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা ও সদস্য NTRC।
২। পরিচালক, কেন্দ্রীয় ভেটেরিনারি হাসপাতাল, ৪৮, কাযী আলাউদ্দিন রোড, ঢাকা ও সদস্য NTRC।
৩। পরিচালক, কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামার, সাভার, ঢাকা ও সদস্য NTRC।
৪। প্রফেসর ড. এ.কে ফজলুল হক ভূঁইয়া, প্রাণি প্রজনন ও কৌলিবিজ্ঞান বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ ও সদস্য NTRC।
৫। প্রফেসর ড. মোঃ মোশারফ উদ্দিন ভূঞা, সার্জারী এন্ড অবস্টেট্রিক্স বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ ও সদস্য NTRC।
৬। প্রফেসর ড. লাম ইয়া আসাদ, এনিম্যাল নিউট্রিশন, জেনেটিক এন্ড ব্রিডিং বিভাগ, এনিম্যাল সায়েন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা ও সদস্য NTRC।
৭। উপপরিচালক, লেজিসলেশন, প্রশাসন/নিবন্ধন/সার্টিফিকেশন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা ও সদস্য NTRC।
৮। প্রিন্সিপাল সায়েন্টিফিক অফিসার, এ্যানিমেল ব্রিডিং, সাভার, ঢাকা ও সদস্য NTRC।
৯। ড. গৌতম কুমার দেব, উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বিএলআরআই, সাভার, ঢাকা ও সদস্য NTRC।
১০। এ.সি.আই এনিম্যাল জেনেটিক্স এর একজন প্রতিনিধি ও সদস্য NTRC।
১১। আমেরিকান ডেইরী লিঃ এর একজন প্রতিনিধি ও সদস্য NTRC।
১২। ব্রাক (কৃত্রিম প্রজনন ডিভিশন) এর একজন প্রতিনিধি ও সদস্য NTRC।
১৩। বেঙ্গল মিট প্রসেসিং ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর একজন প্রতিনিধি ও সদস্য NTRC।
১৪। ব্যবস্থাপনা পরিচালক, লাল তীর, লাইভস্টক ডেভেলপমেন্ট (বিডি) লিঃ, এ্যাংকর টাউয়ার, ১০৮ বীর উত্তম সি.আর. দত্ত রোড, ঢাকা-১২০৫।
১৫। ব্যবস্থাপনা পরিচালক, ইজাব এলায়েন্স লিঃ, সিংগিয়া, জগন্নাথপুর, ঠাকুরগাঁও।
১৬। পরিচালক, সজাগ (সমাজ ও জাতি গঠন), শৈলান, ধামরাই, ঢাকা।
১৭। উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র (সকল),------------------------------------------------।
১৮। উপপরিচালক, কৃত্রিম প্রজনন ল্যাবরেটরী, সাভার, ঢাকা।
১৯। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাঙ্গামাটি।

সদয় অবগতির জন্য অনুলিপি ঃ

১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ-২), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ও আহবায়ক, NTRC।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব মহোদয়ের অবগতির জন্য।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ-২)**
**www.mofl.gov.bd**

**National Technical Regulatory Committee (NTRC) এর ২৪-০৬-২০২১ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | শাহ্ মোঃ ইমদাদুল হক<br>অতিরিক্ত সচিব<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ২৪-০৬-২০২১ খ্রিঃ |
| সময় | : | সকাল ১০.০০ ঘটিকা |
| সভাস্থল | : | প্রাণিসম্পদ অধিদপ্তরের সভাকক্ষ |
| উপস্থিতি | : | সভায় অংশগ্রহণকারী সদস্যগণের তালিকা পরিশিষ্ট ''ক" দ্রষ্টব্য। |

সভার শুরুতে সভাপতি NTRC এর সভায় উপস্থিত সকল সদস্য এবং জুম এ্যাপের মাধ্যমে অংশগ্রহণকারী সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন NTRC অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি কমিটি। পাখি (হাঁস, মুরগী ইত্যাদি) ও গবাদি পশুর জাত উন্নয়ন, উৎপাদনশীলতা বৃদ্ধি এবং বাংলাদেশের আবহাওয়ার সাথে মানানসই উন্নত জাতের ষাড়, সিমেন ও এ্যামব্রায়ো আমদানী ও প্রয়োগ অন্যতম কার্যক্রম। এ কমিটির বিশেষজ্ঞগণ সরাসরি সম্পৃক্ত থেকে এবং পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি ও জাত উন্নয়নের বিভিন্ন উদ্যোগ/প্রচেষ্টা সফল করতে সুপারিশ করে থাকেন। অতঃপর তিনি কমিটির সদস্য-সচিব পরিচালক, কৃত্রিম প্রজনন কে সভার আলোচ্যসূচী অনুযায়ী আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপনের জন্য আহবান জানান।

২। পরিচালক, কৃত্রিম প্রজনন সকল সদস্যকে স্বাগত জানিয়ে পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য পাঠ করেন। প্রফেসর ড. এ.কে ফজলুল হক ভূঁইয়া প্রাণি প্রজনন ও কৌলিবিজ্ঞান বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ কার্যবিবরণী অনুমোদনের জন্য প্রস্তাব করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতভাবে অনুমোদিত হয়।

৩। অতঃপর সদস্য-সচিব আলোচ্যসূচী অনুযায়ী পূর্ববর্তী সভার সিদ্ধান্তের আলোকে কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনায় বেসরকারী সংস্থা কর্তৃক অনুসরণীয় শর্তসমূহ প্রতিপালনের অগ্রগতি প্রতিবেদন, বেসরকারী সংস্থা বা উদ্যোক্তা কর্তৃক ষাঁড়, গাভী/বকনা, সিমেন, এমব্রায়ো আমদানির আবেদনের বিষয়ে সংশ্লিষ্ট উপকমিটির সুপারিশ, কৃত্রিম প্রজনন নীতিমালা ও নতুন জাত/উপজাত রেজিস্ট্রেশন সংক্রান্ত নীতিমালা প্রণয়ন/সংশোধন বিষয়ক প্রস্তাবনা, মাঠ পর্যায়ের স্বেচ্ছাসেবী কৃত্রিম প্রজনন কর্মীদের প্রজনন ফি নির্ধারণ বিষয়ক প্রস্তাবনা এবং বিবিধ বিষয় পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করেন।

৪। প্রফেসর ড. এ.কে ফজলুল হক ভূঁইয়া, প্রাণি প্রজনন ও কৌলিবিজ্ঞান বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ জুম এ্যাপের মাধ্যমে আলোচনায় অংশগ্রহন করে করোনা ক্রান্তিকালীন বৈশ্বিক পরিস্থিতি, বৈশ্বিক রোগ অনুপ্রবেশ ও বিস্তার, উচ্চ মেরিট সম্পন্ন প্রাণী সহজলভ্য না হওয়া ইত্যাদি বিষয় বিবেচনায় জীবন্ত ষাঁড়/গাভী/বকনার পরিবর্তে সিমেন ও এমব্রায়ো আমদানির বিষয়ে মতামত প্রদান করেন। তিনি আরও উল্লেখ করেন, বিগত কয়েক দশক যাবৎ অস্ট্রেলিয়া হতে প্রজননের জন্য ষাঁড়/গাভী/বকনা আমদানি করা হয়েছে এবং বর্তমানে ইউরোপ ও উত্তর আমেরিকার তুলনায় অস্ট্রেলিয়া জাতের গরুর উৎপাদনশীলতা ও অন্যান্য প্যারামিটার নিম্নমানের। তিনি প্রজনন প্রাণী আমদানির ক্ষেত্রে অস্ট্রেলিয়ার জাত পরিহার করার পক্ষে মত পোষণ করেন।

৫। আলোচনার এক পর্যায়ে সভাপতি বলেন, বেসরকারী কৃত্রিম প্রজনন কর্মীদের নিকট থেকে প্রশিক্ষণ ফি গ্রহণ করা আইনানুগ হবে না এবং যাদের প্রশিক্ষণের মেয়াদ ৬ মাস পূর্ণ হয়নি তাদের সময়ে সময়ে রিফ্রেসার্স প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। তিনি বিগত সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে পালন করার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে আহবান জানান।

৬। প্রফেসর ড. মোঃ মোশারফ উদ্দিন ভূঞা, সার্জারী এন্ড অবস্টেট্রিক্স বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ জুম এ্যাপের মাধ্যমে আলোচনায় অংশগ্রহণ করে বলেন অপ্রচলিত পশু-পাখি আমদানির পূর্বে উহার প্রতিপালন, রক্ষণাবেক্ষণ, ইপিডেমিওলজি, জুনোটিক গুরুত্ব সম্পর্কে অবগত হওয়া প্রয়োজন। তিনি এখনই এসব পশু-পাখি আমদানির বিপক্ষে মত প্রকাশ করেন।

৭। সভায় অন্যান্য সদস্যগণ আলোচনায় অংশগ্রহণ করেন এবং তাদের সুচিন্তিত মতামত প্রদান করেন।

৮। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|
| ৮.১ | ২৫/০৩/২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী কোনরূপ সংশোধনী ব্যতিরেকে সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | NTRC |
| ৮.২ | দেশের সকল বেসরকারী কৃত্রিম প্রজনন সংশ্লিষ্ট সংস্থার কেন্দ্রীয় পর্যায়ে/বুল স্টেশনের ক্ষেত্রে নিম্নোক্ত ন্যূনতম কারিগরী জনবল নিয়োগ করতে হবে (প্রতিটি পদে এক বা একাধিক জনবল):<br>ক) রেজিষ্ট্রার্ড ভেটেরিনারিয়ান, ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ডিভিএম ডিগ্রী/ সমমান ডিগ্রী;<br>খ) এ্যানিমেল ব্রিডিং বিশেষজ্ঞ, ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা এ্যানিমেল ব্রিডিং এবং জেনেটিক্স বিষয়ে মাষ্টার্স ডিগ্রী;<br>গ) কোয়ালিটি কন্ট্রোল কর্মকর্তা, ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা প্রাণিসম্পদ বিষয়ে গ্র্যাজুয়েট ডিগ্রী;<br>ঘ) সাবটেকনিক্যাল জনবল, ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ডিপ্লোমা ইন এ্যানিমেল হেলথ এ্যান্ড প্রডাকশন<br>উল্লিখিত স্থায়ী জনবল কাঠামো আবশ্যিকভাবে সকল প্রতিষ্ঠানে নিয়োজিত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | বেসরকারী কৃত্রিম প্রজনন সংশ্লিষ্ট সংস্থা। |
| ৮.৩ | বেসরকারী সংস্থার কৃত্রিম প্রজনন কার্যক্রমের উপজেলাভিত্তিক মাসিক রিপোর্ট সংশ্লিষ্ট জেলা পর্যায়ে উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র ও জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বরাবর দাখিল করতে হবে এবং সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ দপ্তরকে অবহিত করতে হবে। | বেসরকারী কৃত্রিম প্রজনন সংশ্লিষ্ট সংস্থা। সংশ্লিষ্ট উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র এবং জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। |
| ৮.৪ | বেসরকারী কৃত্রিম প্রজনন সংস্থা কর্তৃক প্রশিক্ষণার্থী কৃত্রিম প্রজনন কর্মীদের নিকট হতে প্রশিক্ষণ বাবদ কোন ফি বা অর্থ গ্রহণ করতে পারবে না। সংশ্লিষ্ট বেসরকারী কৃত্রিম প্রজনন সংস্থা কর্তৃক নিজস্ব অর্থ ব্যয়ে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। | বেসরকারী কৃত্রিম প্রজনন সংশ্লিষ্ট সংস্থা। |
| ৮.৫ | এআই কার্যক্রমের রেকর্ড সংরক্ষণ নিশ্চিত করার জন্য কৃত্রিম প্রজনন রেজিষ্ট্রারের ব্যবহার এবং এলিট গাভী বা বকনাকে (দৈনিক সর্বোচ্চ দুধ উৎপাদন কমপক্ষে ১০ লিটার) জাতীয়ভাবে ইউনিক ইয়ার ট্যাগিং এর ব্যবস্থা করতে হবে। | বেসরকারী কৃত্রিম প্রজনন সংশ্লিষ্ট সংস্থা। |
| ৮.৬ | জেলা মনিটরিং কমিটির সভায় অংশগ্রহণের জন্য বেসরকারী কৃত্রিম প্রজনন সংস্থার জেলা প্রতিনিধির তালিকা সংশ্লিষ্ট উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা এবং পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা এর নিকট প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | বেসরকারী কৃত্রিম প্রজনন সংশ্লিষ্ট সংস্থা। সংশ্লিষ্ট উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র এবং জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। |

| | | |
|---|---|---|
| ৮.৭ | ট্রায়াল ষাঁড়ের পিডিগ্রীর তথ্যাদি নির্ধারিত ছক মোতাবেক (প্রজনন ষাঁড় প্রত্যয়নের জন্য) ট্রায়াল শুরুর পূর্বেই পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা এর নিকট প্রেরণ করতে হবে। | বেসরকারী কৃত্রিম প্রজনন সংশ্লিষ্ট সংস্থা। |
| ৮.৮ | করোনার ক্রান্তিকালীন বৈশ্বিক পরিস্থিতিতে এবং বৈশ্বিক রোগ জীবানুর অনুপ্রবেশ ও বিস্তার রোধ, উচ্চ মেরিট সম্পন্ন প্রাণী সহজলভ্য না হওয়া ইত্যাদি বিষয় বিবেচনায় জীবন্ত ষাঁড়/গাভী/বকনার পরিবর্তে সিমেন ও এমব্রায়ো আমদানির বিষয়ে সংশ্লিষ্ট সকলকে উৎসাহ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | বেসরকারী কৃত্রিম প্রজনন সংশ্লিষ্ট সংস্থা। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। |
| ৮.৯ | জাতীয় বৃহত্তর স্বার্থে জীবন্ত প্রজনন ষাঁড়/গাভী/বকনা ইত্যাদি আমদানি করার ক্ষেত্রে অস্ট্রেলিয়া জাত পরিহার করে উত্তর আমেরিকা এবং ইউরোপকে প্রাধান্য দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | বেসরকারী কৃত্রিম প্রজনন সংশ্লিষ্ট সংস্থা। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর |
| ৮.১০ | বিভিন্ন প্রকার গবাদিপশু, সিমেন, এমব্রায়ো ইত্যাদি আমদানি ও রপ্তানি সংক্রান্ত কারিগরি উপকমিটির সুপারিশ পর্যালোচনান্তে গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপ :<br>৮.১০.১। ইয়াসিন এগ্রো, ২৯/১, সামসাবাদ লেন, নয়াবাজার, ঢাকা-১১০০ কর্তৃক ইউএসএ হতে ১০০ টি হলিস্টিন ফ্রিজিয়ান জাতের গাভী আমদানির আবেদন করোনাকালীন বৈশ্বিক বর্তমান পরিস্থিতিতে আমদানির বিষয় সভায় অনুমোদিত হয়নি।<br>৮.১০.২। ব্র্যাক এন্টারপ্রাইজেস, মহাখালী, ঢাকা কর্তৃক ০৫ টি ১০০% প্রজননক্ষম ফ্রিজিয়ান ষাঁড় অস্ট্রেলিয়ার পরিবর্তে উত্তর আমেরিকা/ ইউরোপ হতে আমদানির শর্তে সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৮.১০.৩। ইয়োন বায়ো সায়েন্স লিঃ, তেজগাঁও, ঢাকা কর্তৃক ইউএসএ হতে ৪০০ টি হলিস্টিন ফ্রিজিয়ান জাতের গর্ভবতী বকনা আমদানির আবেদন বিবেচনার পূর্বে তাদের পূর্বে আমদানীকৃত হলিস্টিন ফ্রিজিয়ান জাতের প্রাণীর বর্তমান অবস্থা পর্যালোচনা, সুস্থতার হার, এদেশে আবহাওয়ার সাথে খাপ খাওয়া, Reproductivity এর হারসহ অন্যান্য বিষয়ে মতামত প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলো:<br>ক) পরিচালক, সম্প্রসারণ, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা -আহবায়ক<br>খ) ড. মোঃ বজলুর রহমান, উপপরিচালক (লীভ/রিজার্ভ), সংযুক্তি এআই ইটি প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা -সদস্য<br>গ) ড. গৌতম কুমার দেব, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা বিএলআরআই, সাভার, ঢাকা -সদস্য<br>ঘ) জনাব মোঃ শানে খোদা, বৈজ্ঞানিক কর্মকর্তা, এ্যানিমেল ব্রিডিং শাখা, সাভার, ঢাকা -সদস্য সচিব<br><br>উক্ত কমিটির প্রতিবেদন পাওয়ার পর এ বিষয়ে পরবর্তীতে অনুষ্ঠেয় সভায় সিদ্ধান্ত গৃহীত হবে।<br>৮.১০.৪। ইয়োন বায়ো সায়েন্স লিঃ তেজগাঁও, ঢাকা কর্তৃক ইউএসএ হতে পিওর হলিস্টিন ফ্রিজিয়ান ষাঁড়ের সিমেন ২০০০ ডোজ, ৫০০ টি পিউর ব্রীড হলিস্টিন ফ্রিজিয়ান হিমায়িত ভ্রূণ আমদানির জন্য সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৮.১০.৫। ব্র্যাক এন্টারপ্রাইজেস, মহাখালী, ঢাকা কর্তৃক কানাডা হতে হলিস্টিন ফ্রিজিয়ান সিমেন ২০০০ ডোজ আমদানির সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৮.১০.৬। ব্র্যাক এন্টারপ্রাইজেস, মহাখালী, ঢাকা কর্তৃক ভারত হতে ১০০% শাহীওয়াল জাতের ষাঁড় থেকে ২০০০ ডোজ ফ্রোজেন সিমেন আমদানির সুপারিশ না করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর |

| | | |
|---|---|---|
| | ৮.১০.৭। নাহার এগ্রো কমপ্লেক্স লিঃ সাউথ, খুলসী, চট্টগ্রাম কর্তৃক ইউএসএ হতে হলিস্টিন ফ্রিজিয়ান ফ্রোজেন সিমেন ১০৮০ মাত্রা আমদানির সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৮.১০.৮। লাল তীর লাইভষ্টক ডিপার্টমেন্ট (বিডি) লিঃ, ঢাকা কর্তৃক ইউএসএ/কানাডা হতে হলিস্টিন ফ্রিজিয়ান সিমেন ২৮০০০ ডোজ পর্যায়ক্রমে আমদানির সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৮.১০.৯। আরিয়ান ট্রেডিং, দক্ষিণ কালীবাড়ী-২, কমলাপুর, ফরিদপুর সদর, ফরিদপুর কর্তৃক দক্ষিণ আফ্রিকা হতে ১০০টি ব্রাহমা জাতের ষাঁড় গরু আমদানির সুপারিশ না করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৮.১০.১০। মোঃ ইমরান হোসেন সাদিক এগ্রো লিঃ ৭ নং লোহার গেইট নবীনগর হাউজিং, বেড়িবাধ, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ কর্তৃক ইউএসএ হতে ২০০ টি গর্ভবতী ব্রাহমা হিফার আমদানির সুপারিশ এ পর্যায়ে বিবেচনা না করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৮.১০.১১। ইয়াসিন এগ্রো, ২৯/১২, সামসাবাদ লেন, নয়াবাজার, ঢাকা-১১০০ কর্তৃক ইউএসএ হতে ৫০ টি ব্রাহমা ষাঁড় ও ৫০ টি গাভী আমদানির আবেদন এ পর্যায়ে সুপারিশ না করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৮.১০.১২। কুড়িগ্রাম ও জামালপুর জেলার প্রান্তিক জনগোষ্ঠির দারিদ্র হ্রাসকরণ প্রকল্প, আরডিএ, বগুড়া কর্তৃক অস্ট্রেলিয়া হতে ০৪ টি ১০০% হলিস্টিন ফ্রিজিয়ান জাতের প্রজনন ষাঁড় আমদানির আবেদনের প্রেক্ষিতে উক্ত প্রতিষ্ঠানের বুল স্টেশনটি প্রাণিসম্পদ অধিদপ্তরের রেজিষ্ট্রেশন গ্রহণ সাপেক্ষে এবং অষ্ট্রেলিয়ার পরিবর্তে উত্তর আমেরিকা/ ইউরোপ হতে আমদানির শর্তে সুপারিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৮.১০.১৩। এসিআই এ্যানিমেল হেলথ লিঃ, বড়চালা, ভাওয়াল রাজাবাড়ী, শ্রীপুর, গাজীপুর কর্তৃক অস্ট্রেলিয়া হতে বিশুদ্ধ ফ্রিজিয়ান জাতের ১০ টি প্রজনন ষাঁড় আমদানির আবেদন অষ্ট্রেলিয়ার পরিবর্তে উত্তর আমেরিকা/ ইউরোপ হতে আমদানির শর্তে সুপারিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৮.১০.১৪। আরিয়ান ট্রেডিং, দক্ষিণ কালীবাড়ী-২, কমলাপুর, ফরিদপুর সদর, ফরিদপুর কর্তৃক দক্ষিণ আফ্রিকা হতে ৫০টি শাহীওয়াল জাতের ষাঁড় গরু ও ৫০ টি শাহীওয়াল জাতের গর্ভবতী গাভী আমদানির সুপারিশ এ পর্যায়ে না করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৮.১০.১৫। এসএ ইন্টারন্যাশনাল কর্তৃক আবেদনকৃত Domestic Live Animals Lama (ছাগল প্রজাতী প্রাণী), অন্য একটি আবেদনে একই কোম্পানী Domestic Live Animals Mara Mara & Domestic Rabbit (খরগোশ প্রজাতী প্রাণী) Breeding & Research এর জন্য আমদানির আবেদন সুপারিশ না করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৮.১০.১৬। ব্রাহমা ষাঁড়, গাভী ও গর্ভবতী ব্রাহমা হিপার গরু আমদানীর অনুমতি প্রদান/অনুমতি প্রদান না করার বিষয়ে Scientific Explanation (বাংলাদেশ প্রেক্ষাপটে) পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। অনুচ্ছেদ-৮.১০.৩-এ গঠিত কমিটি এ বিষয়ে মতামত প্রদান করবে। | মহাপরিচালক প্রাণিসম্পদ অধিদপ্তর, অধ্যাপক ড. মো: মোশারফ উদ্দিন ভূঞা, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ, অনুচ্ছেদ-৮.১০.৩-এ গঠিত কমিটির সদস্যবৃন্দ। |
| ৮.১১ | ডেইরী ব্রিড টেস্টিং রিচার্স প্রজেক্ট এর জন্য ২০,০৫০ (বিশ) হাজার ডোজ হাই মেরিট (পিডিগ্রী এবং/ অথবা জেনোমিক তথ্য সম্বলিত) সিমেন (৪০০০ হলষ্টিন ফ্রিজিয়ান, ৪০০০ জার্সি, ৪০০০ গির, ৫০০০ গিরোলান্ডো ও ৩০০০ শাহিওয়াল জাতের) আমদানির অনুমতির জন্য আবেদন ব্রিডিং পলিসির আলোকে অধিকতর যাচাই বাছাই পূর্বক বিস্তারিতসহ পরবর্তী সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | বিভিন্ন প্রকার গবাদিপশু, সিমেন, এমব্রায়ো ইত্যাদি আমদানি ও রপ্তানি সংক্রান্ত কারিগরি উপকমিটি। |

| | | |
|---|---|---|
| ৮.১২ | লালতীর লাইভস্টক ডেভেলপমেন্ট(বিডি) লিঃ, ভালুকা, ময়মনসিংহ NTRC কমিটিতে অন্তর্ভূক্তির আবেদনের প্রেক্ষিতে প্রতিষ্ঠানটির সক্ষমতা পর্যালোচনাপূর্বক পরবর্তী সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মৎস্য ও প্রানিসম্পদ মন্ত্রণালয় প্রানিসম্পদ অধিদপ্তর |
| ৮.১৩ | দেশীয় গবাদিপশুর নতুন জাত/উপজাত রেজিস্ট্রেশন সংক্রান্ত নীতিমালা প্রানিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা কর্তৃক প্রণয়ন করে তা অনুমোদনের জন্য মৎস্য ও প্রানিসম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মহাপরিচালক, প্রানিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা |
| ৮.১৪ | মাঠ পর্যায়ে স্বেচ্ছাসেবী এ,আই কর্মীদের প্রজনন ফি নির্ধারণ সংক্রান্ত উপস্থাপিত প্রস্তাবনা নিম্নরূপ- উপস্থাপিত প্রস্তাবনাঃ<br>সেবা মূল্য গ্রহণের ভিত্তি= সিমেনের মূল্য + কর্মীর পারিশ্রমিক + দূরত্ব অনুযায়ী (কিমি) যাতায়াত খরচ<br>সরকারী = ৩০/- + ৪০/- (প্রতি প্রজনন) + ২০০/- (২০/- প্রতি কিমি, সর্বোচ্চ ১০ কিমি) = ২৭০/-<br>বেসরকারী = ১৫০/- + ৫০/- (প্রতি প্রজনন) + ২০০/- (২০/- প্রতি কিমি, সর্বোচ্চ ১০ কিমি) = ৪০০/-<br>উপরোক্ত প্রস্তাবনা অনুমোদনের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, বাংলাদেশ, ঢাকা। ও মহাপরিচালক, প্রানিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। |
| ৮.১৫ | পূর্ববর্তী সভার গৃহীত সিদ্ধান্তসমূহ অধিকতর আন্তরিকতার সাথে পালন করার জন্য সভায় সংশ্লিষ্ট সকলকে সর্বোচ্চ গুরুত্ব প্রদান করা হয়। | বেসরকারী কৃত্রিম প্রজনন সংস্থা। কৃত্রিম প্রজনন দপ্তর, প্রানিসম্পদ অধিদপ্তর, ঢাকা |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪.০১.২০২২

**(শাহ্ মোঃ ইমদাদুল হক)**
অতিরিক্ত সচিব (প্রানিসম্পদ-২)
মৎস্য ও প্রানিসম্পদ মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়,ঢাকা
ও
সভাপতি NTRC